

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ সভা পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ

শেখৃষি সংবাদদাতা
দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের
ভর্তি পরীক্ষার সঙ্গব্য তারিখ নির্ধারণ
করা হয়েছে। গতকাল সোমবার
রাজধানীর শেরেবাংলা কৃষি
বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে
বিশ্ববিদ্যালয় পরিষদের আলোচনা

সভায় এ বিষয়ে সিদ্ধান্ত হয়। সভায়
দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে
চলমান অস্থিতশীল অবস্থা নিয়ন্ত্রণে
সরকারের হস্তক্ষেপ দ্রুত করণ
উপাচার্যরা। দেশের ২৯টি
বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ সভায়
উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি
অধ্যাপক ড. মো: মাহবুবুর রহমান
জনিয়েছেন, প্রয়োজনে সংশ্লিষ্ট
বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ ভর্তি
পরীক্ষার তারিখ পরিবর্তন করতে
পারবেন। তিনি আরো জানান,
রাজধানীর আগারগাঁওয়ে চলতি মাসের
১৮ তারিখ বিশ্ববিদ্যালয় পরিষদের
নিজস্ব ভবন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের
পরিষদীয় ভবনের ভিডিওর স্থাপন
করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ভর্তি পরীক্ষার তারিখ:

ঢাকা বিশ্ববিদ্যালয় ক-ইউনিট ২২
নভেম্বর, খ-ইউনিট, ৮ নভেম্বর, গ-
ইউনিট ১৫ নভেম্বর, পূর্বা ২ ক্লাব ১

পাবলিক বিশ্ববিদ্যালয়ে

২০ পৃষ্ঠার পর
ঘ-ইউনিট ১ নভেম্বর, চ-ইউনিট ২৩
নভেম্বর। রাজশাহী বিশ্ববিদ্যালয় ১০
থেকে ১৪ নভেম্বর। বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয় ৯ নভেম্বর। বাংলাদেশ
প্রকৌশল বিশ্ববিদ্যালয় ২ নভেম্বর।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১৬ থেকে ২৪
নভেম্বর। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২
থেকে ৯ নভেম্বর। ইসলামী বিশ্ববিদ্যালয়
১৬ থেকে ২১ নভেম্বর। শাহাজালাল
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৩০
নভেম্বর। জাতীয় বিশ্ববিদ্যালয় ২০
ডিসেম্বর। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
কৃষি বিশ্ববিদ্যালয় ৮ নভেম্বর।
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ২৯
নভেম্বর। মজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান
ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৫ থেকে ২৭
অক্টোবর। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় ৬ ডিসেম্বর। নাওলা
ডামানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৩ ও ৪ ডিসেম্বর। চট্টগ্রাম প্রকৌশল ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৯ নভেম্বর।
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় ১৬ নভেম্বর। খুলনা
প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৩
নভেম্বর। অপরাজিত বিশ্ববিদ্যালয় ক-
ইউনিট ২২ নভেম্বর, খ-ইউনিট ৮
নভেম্বর, গ-ইউনিট ১৫ নভেম্বর, ঘ-
ইউনিট ১ নভেম্বর (বিকাল)। চট্টগ্রাম
ভেটেরিনারি ও এনিম্যাল সায়েন্স
বিশ্ববিদ্যালয় ৭ ডিসেম্বর। জাতীয় কবি
কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ২৪
থেকে ২৭ নভেম্বর। কুমিল্লা
বিশ্ববিদ্যালয় ১ থেকে ৪ নভেম্বর।
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় ২৮ ও ২৯ নভেম্বর।
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৩০ নভেম্বর। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
১ ডিসেম্বর। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় ১৪ ও ১৫ নভেম্বর। বেগম
রোকেয়া বিশ্ববিদ্যালয় ১১ থেকে ১৩
ডিসেম্বর। বাংলাদেশ ইউনিভার্সিটি অব
প্রফেশনালস ১১ অক্টোবর। বঙ্গবন্ধু শেখ
মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় ২৯ ও ৩০ নভেম্বর।
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় ৮
নভেম্বর। বরিশাল বিশ্ববিদ্যালয় ২৭ ও
২৮ নভেম্বর।